শরীরে জীবাণু ঢোকাবার কথা বলছিলুম। কাটা জায়গা ছাড়াও আরো নানান পথ দিয়ে জীবাণু আমাদের শরীরে ঢোকবার চেষ্টা করে। নিঃশ্বাস নেবার সময় একগাদা জীবাণু নাকের মধ্যে দিয়ে আমাদের শরীরে ঢোকে, খাবারের সময় খাবারের সঙ্গেও জীবাণুর দল আমাদের পেটের মধ্যে চলে যায়। তাইতো ডাক্তাররা বলেন, যতটা সম্ভব ফাঁকা হাওয়ায় থাকা উচিত, যতটা সম্ভব পরিষ্কার খাবার গরম করে খাওয়া উচিত। আবার একরকম ক্ষুদে শয়তান আছে যারা নিজে নিজে মানুষের শরীরে ঢোকে না, অন্য কোনো পোকামাকড় বা কীটপতঙ্গ তাদের বয়ে নিয়ে বেড়ায়, আর সেই কীটপতঙ্গ যখন কামড় দেয় তখন তাদের কামড়ের সঙ্গে অনেকটা ইঞ্জেকশন দেবার মতো করে আমাদের শরীরে ফুঁড়ে দেয় ক্ষুদে শয়তান। যেমন ধরো, রক্ত শুষে খাবার সময় মশা আমাদের রক্তের মধ্যে ম্যালেরিয়ার ক্ষুদে শয়তান ছেড়ে দেয়। যেসব পোকামাকড় কীটপতঙ্গ ক্ষুদে শয়তান বয়ে বেড়ায় তাদের মধ্যে মশা, মাছি, ছারপোকা ইত্যাদিই প্রধান। আবার, একরকম জানোয়ার আছে যাদের শরীরের মধ্যে ক্ষুদে শয়তানের আড্ডা, অথচ যাদের এমনিতে দেখলে কোনো রোগ আছে বলে সন্দেহই হয় না। যেমন ধরো একরকম ছাগল। তাদের দুধের মধ্যে দিয়ে তাদের শরীরের ক্ষুদে শয়তান আমাদের শরীরে চলে আসে। ডাক্তাররা তাই বলেন, দুধটুকু খেতে হলে ভালো করে ফুটিয়ে খাওয়াই ভালো।

১.জীবাণু আমাদের শরীরে প্রধানত কোন কোন পথে প্রবেশ করে?
A. শুধু কাটা জায়গা দিয়ে
B. শুধু খাবারের মাধ্যমে
C. নিঃশ্বাস, খাবার ও পোকামাকড়ের কামড়ে
D. শুধু জলের মাধ্যমে

২.ডাক্তাররা পরিষ্কার খাবার গরম করে খেতে বলেন কেন?
A. খাবার সুস্বাদু হয়
B. খাবার নরম হয়
C. জীবাণু নষ্ট হয়
D. বেশি সময় ভালো থাকে

৩.Assertion (A): সব জীবাণু নিজে নিজে মানুষের শরীরে প্রবেশ করে।
Reason (R): কিছু জীবাণু পোকামাকড়ের মাধ্যমে শরীরে প্রবেশ করে।
A. A ও R উভয়ই সত্য এবং R, A-এর সঠিক ব্যাখ্যা
B. A ও R উভয়ই সত্য কিন্তু R, A-এর সঠিক ব্যাখ্যা নয়
C. A মিথ্যা কিন্তু R সত্য
D. A সত্য কিন্তু R মিথ্যা

৪.Assertion (A): দুধ ফুটিয়ে খাওয়া উচিত।
Reason (R): কাঁচা দুধে জীবাণু থাকতে পারে।
A. A ও R উভয়ই সত্য এবং R, A-এর সঠিক ব্যাখ্যা
B. A ও R উভয়ই সত্য কিন্তু R, A-এর সঠিক ব্যাখ্যা নয়
C. A সত্য কিন্তু R মিথ্যা
D. A মিথ্যা কিন্তু R সত্য

৫.জীবাণু আমাদের শরীরে প্রধানত কোন কোন পথে প্রবেশ করে?
A. শুধু কাটা জায়গা দিয়ে
B. শুধু খাবারের মাধ্যমে
C. নিঃশ্বাস, খাবার ও পোকামাকড়ের কামড়ে
D. শুধু পানির মাধ্যমে

৬. পদ পরিবর্তন করো- শরীর